গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং ৩৮.০১.০০০০.১১৮.০০৬.০০৫.২১- ১৯৩/১১৯০

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৯ / ২৫ মে ২০২২

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়েরনির্মাণ কার্যক্রম সুসমন্বিত এবং মানসম্মতকরণে জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ গঠন।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৮.০০.০০০০.০২৬.০৬.০০১.১.৩৬১; তারিখ: ২৪/৪/২০২২ খ্রি:।

চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির (পিইডিপি৪), চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প এবং চাহিদাভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় যেসকল বিদ্যালয়ে ভবন/অতিরিক্ত শ্রেণিকক্ষ/ওয়াশব্লক নির্মাণ করা হচ্ছে সেসকল বিদ্যালয়ে নির্মাণ কার্যক্রম অধিকতর সুসমন্বিত এবং মানসম্মত অবকাঠামো করতে নিম্নোক্ত জয়েন্ট ওয়ার্কিং কমিটিসমূহ গঠন করা হলো:

**ক) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রমের বিদ্যালয় পর্যায়ে মনিটরিং কমিটি:**

| ক্রমিক নং | কর্মকর্তা এবং সংস্থা | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১। | সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট ক্লাস্টার) | সভাপতি |
| ২। | উপসহকারী প্রকৌশলী, এলজিইডি (উপজেলা প্রকৌশলী কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৩। | উপসহকারী প্রকৌশলী/ প্রতিনিধি, ডিপিএইচই (উপজেলা প্রকৌশলী কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪। | এসএমসি'র সভাপতি | সদস্য |
| ৫। | প্রধান শিক্ষক | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

ক) বিদ্যালয়ে নির্মাণ কাজ চলাকালে ছাত্র-ছাত্রীদের পাঠদানের জন্য মেকশীফট/বিকল্প ব্যবস্থা গ্রহণ নিশ্চিতকরণ;

খ) বিদ্যালয় ভবনের নির্মাণ কাজের ফাউন্ডেশন, বীম/কলাম নির্মাণ এবং ছাদ ঢালাই-এর সময় কমিটির সদস্যগণ কর্তৃক সরেজমিন উপস্থিত থেকে কাজের গুনগতমান নিশ্চিতকরণ;

গ) নির্মাণ কাজ চলাকালে রড, সিমেন্ট, বালি, ইট ইত্যাদিসহ সকল উপকরণের গুনগতমান নিশ্চিতকরণ এবং টেস্টিং রিপোর্ট পর্যালোচনা;

ঘ) নির্মাণ কাজ চলাকালে পাইলিং, ফাউন্ডেশন, ছাদ ঢালাই, বীম/কলামসহ মূল কাজগুলোর এবং নির্মাণ সামগ্রীর ছবি/ভিডিও করে বিদ্যালয়ে সংরক্ষণ;

ঙ) সাইট রেজিষ্টার সংরক্ষণ নিশ্চিত;

চ) এলজিইডি, ডিপিএইচই এর যে সকল কর্মকর্তা নির্মাণ কাজের সাথে সংশ্লিষ্ট তাদের নাম, ঠিকানা, পদবি, এনআইডি নম্বর ও ফোন নম্বর এবং ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম, পদবি, ঠিকানা, এনআইডি নম্বর ও ফোন নম্বর একটি রেজিষ্টারে সংরক্ষণ।

ছ) বিদ্যালয় ভবনের আয়ুস্কাল/লাইফ স্প্যান (Life Span) বিষয়ক প্রত্যয়ন পত্র গ্রহণ ও সংরক্ষণ,

জ) বিদ্যালয় ভিত্তিক নির্মিতব্য অবকাঠামোর (স্কুল ভবন, গেট, বাউন্ডারী ওয়াল ও শহীদ মিনার ইত্যাদি) বিস্তারিত ড্রইং এবং মাস্টার প্লান কমিটির সদস্য সচিবের নিকট সংরক্ষিত থাকবে,

ঝ) প্রতি মাসে কমপক্ষে ১টি সভা করে বিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন কাজের মান যাচাই/পর্যালোচনা করে উপজেলা /থানা শিক্ষা অফিসারের নিকট প্রতিবেদন পেশ;

**খ) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রমের উপজেলা পর্যায়ে মনিটরিং কমিটি:**

| ক্রমিক নং | কর্মকর্তা এবং সংস্থা | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| ৩। | সহকারী প্রকৌশলী, ডিপিএইচই | সদস্য |
| ৪। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ৫। | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

ক) নির্মাণ কাজ পরিদর্শন করে কাজের এবং নির্মাণ সামগ্রীর গুনগতমান নিশ্চিতকরণ;

খ) বিদ্যালয় ভিত্তিক কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনা;

গ) মহানগরের ক্ষেত্রে বিদ্যালয় পর্যায়ের কমিটি কর্তৃক থানা শিক্ষা অফিসারের নিকট প্রতিবেদন দাখিল এবং থানা শিক্ষা অফিসার কর্তৃক উক্ত প্রতিবেদন পর্যালোচনাক্রমে মহানগর কমিটির নিকট দাখিল।

ঘ) বিদ্যালয় ভিত্তিক নির্মিতব্য অবকাঠামোর (স্কুল ভবন, গেট, বাউন্ডারী ওয়াল ও শহীদ মিনার ইত্যাদি) বিস্তারিত ড্রইং এবং মাস্টার প্লান কমিটির সদস্য সচিবের নিকট সংরক্ষিত থাকবে,

ঙ) উপজেলা পর্যায়ের কমিটি কর্তৃক প্রতি ৩ মাস অন্তর ১টি সভা করে নির্মাণ কাজের মান যাচাই/পর্যালোচনা করে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট প্রতিবেদন দাখিল;

**গ) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রমের জেলা/সিটি কর্পোরেশন পর্যায়ে মনিটরিং কমিটি:**

| ক্রমিক নং | কর্মকর্তা এবং সংস্থা | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) | সভাপতি |
| ২। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| ৩। | নির্বাহী প্রকৌশলী, পিডব্লিউডি | সদস্য |
| ৪। | নির্বাহী প্রকৌশলী, ডিপিএইচই | সদস্য |
| ৫। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

ক) বিদ্যালয়ে নির্মাণ কাজ চলাকালে নির্মাণকাজ পরিদর্শন করে কাজের গুনগতমান নিশ্চিতকরণ;

খ) নির্মাণ কাজ চলাকালে রড, সিমেন্ট, বালি, ইট ইত্যাদিসহ সকল উপকরণের গুনগতমান নিশ্চিতকরণে পরামর্শ প্রদান;

গ) উপজেলা পর্যায়ের কমিটি/থানা শিক্ষা অফিসার কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনা;

ঘ) বিদ্যালয় ভিত্তিক নির্মিতব্য অবকাঠামোর (স্কুল ভবন, গেট, বাউন্ডারী ওয়াল ও শহীদ মিনার ইত্যাদি) বিস্তারিত ড্রইং এবং মাস্টার প্লান কমিটির সদস্য সচিবের নিকট সংরক্ষিত থাকবে,

ঙ) প্রতি ৩ মাস অন্তর ১টি সভা করে বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন কাজের মান যাচাই/পর্যালোচনা করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রতিবেদন প্রেরণ।

২। উক্ত আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৫/৫/২২
আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ০২-৫৫০৭৪৭৭৭
E-mail: dgprimarybd@gmail.com

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
৩. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর ২, ঢাকা-১২১৬।
৪. প্রকল্প পরিচালক, চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প/ চাহিদাভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. জেলা প্রশাসক (সকল), ... ... ... ... ... ...... ... ... ... ... ...।
৬. মাননীয় প্রতিমন্ত্রী এর একান্ত সচিব (মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব এর একান্ত সচিব (মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল), ঢাকা/ময়মনসিংহ/সিলেট/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/রংপুর/রাজশাহী বিভাগ।
৯. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)/পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল), ... ... ... ... ... ...।
১০. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ... ... ... ... ... ...।
১১. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), ... ... ... ... ... ...।
১২. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৩. অতিঃ মহাপরিচালক/অতিঃ মহাপরিচালক (পিইডিপি৪)-এর ব্যক্তিগত সহকারী (অতিঃ মহাপিরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
১৪. অফিস কপি।